# গবাদিপশু হৃষ্টপুষ্টকরনের জন্য স্টেরয়েড বা হরমোন জাতীয় ঔষধ ব্যবহার করা থেকে বিরত থাকা সংক্রান্ত সতর্কীকরন

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গরু হৃষ্টপুষ্টকরণের জন্য স্টেরয়েড (ডেক্সামিথাসন/পেরিয়্যাকটিন) ট্যাবলেট/ইনজেকশন বা হরমোন জাতীয় ঔষধ গো খাদ্যের সাথে বা অন্যভাবে ব্যবহার "মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০" এবং "পশুখাদ্য বিধিমালা, ২০১৩" অনুযায়ী সম্পূর্ণ নিষিদ্ধ এবং শাস্তি যোগ্য অপরাধ । উক্ত ঔষধ ব্যবহারে হৃষ্টপুষ্ট গরুর মাংস মানব দেহে বিভিন্ন রোগ যেমন ক্যান্সার, কিডনিজনিত রোগ সৃষ্টিসহ মানব স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর । সুতরাং এ ধরনের কাজে লিপ্ত না হওয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো । তৎসত্বেও কারো বিরুদ্ধে যদি ( খামারী /ঔষধ বিক্রেতা/পল্লী চিকিৎসক ) এ ধরনের কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায় তবে "মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০" এবং "পশুখাদ্য বিধিমালা,২০১৩" অনুযায়ী উক্ত ব্যক্তি অনুরূপ অপরাধের জন্য অনুর্দ্ধ এক বৎসরের কারাদন্ড, বা অনুর্দ্ধ ৫০,০০০/- টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডিত হইবেন ।

এ ব্যাপারে তথ্য প্রদানের মাধ্যমে সহযোগিতা এবং জনসচেতনতা গড়ে তোলার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্টকরণের প্রয়োজনীয় পরামর্শ এবং এ সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করার জন্য সকলকে অনুরোধ করা হচ্ছে ।

**প্রচারে : জেলা প্রাণিসম্পদ দপ্তর , মৌলভীবাজার ।**